অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/6/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, NYCHA প্রায় 34,000 বাসিন্দাকে সেবাদানকারী ডেভেলপমেন্টসমূহের এলিভেটর প্রতিস্থাপন প্রচেষ্টা গ্রহণ করেছে

20টি ডেভেলপমেন্টের এলিভেটর সেবা উন্নত করবে এমন বৃহদাকার আধুনিকায়ন কাজের অংশ হিসেবে 335টি এলিভেটর প্রতিস্থাপিত হবে

NYCHA এবং DASNY-র মধ্যকার 300 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল চুক্তি পাঁচটি বরোর প্রতিটিতে অতি প্রয়োজনীয় মেরামত কাজ করবে

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস, এবং নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা লিসা বোভা-হিয়াট আজকে ঘোষণা করলেন যে 20টি NYCHA ডেভেলপমেন্টে 335টি এলিভেটর প্রতিস্থাপন করার অতি গুরুত্বপূর্ণ ক্যাপিটাল কাজের প্রথম পর্যায়ের পরিকল্পনা শুরু হয়েছে, এটি 2022 সালের এপ্রিল মাসে নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority of the State of New York, DASNY) সাথে স্বাক্ষর করা 300 মিলিয়ন মার্কিন ডলার তহবিল চুক্তির একটি অংশ। অর্থায়ন সম্ভব হয়েছে NYCHA, নিউ ইয়র্ক স্টেটের আইনসভা(New York State Legislature) এবং গভর্নর হোকলের মধ্যে নিবিড় সহযোগিতার মাধ্যমে, যারা সকলেই 2019 মার্কিন আবাসন ও শহুরে বিকাশ বিভাগের (U.S. Department of Housing and Urban Development, HUD) চুক্তিতে প্রদত্ত রূপরেখা অনুযায়ী NYCHA-র এলিভেটর অবকাঠামো আধুনিকায়নের জন্য একটি ফ্রেমওয়ার্ক তৈরিতে একত্রে কাজ করেছেন।

"এই গুরুত্বপূর্ণ মাইলফলকটি দ্বারা NYCHA মুখ্য ভবন উন্নয়নকাজ শুরু করতে তৈরি হয়েছে, তারা হাজার হাজার নিউ ইয়র্কবাসীর বাসা ও জীবন উন্নত করতে 300 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ ব্যবহার করছে," **গভর্নর হোকল বলেন।** "বর্তমান সময়ে যখন আমাদের স্টেট নিরাপদ, স্থিতিশীল ও অ্যাক্সেসিবল আবাসনের চরম ঘাটতির সম্মুখীন হয়েছে, আমার প্রশাসন তখন আমাদের আবাসন মজুদ সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ, সেজন্যই আমি গত বছর নিউ ইয়র্ক সিটি সরকারি আবাসন সংরক্ষণ ট্রাস্ট (New York City Public Housing Preservation Trust) গঠনে বিধিমালায় স্বাক্ষর করেছি। আমি NYCHA, এর বাসিন্দাগণ, এবং স্থানীয় ও স্টেটের কর্মকর্তাদের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত, এবং আমি NYCHA সম্প্রদায়সমূহের বিকাশ ও সমর্থনে আরো সুযোগ তৈরি করার জন্য উন্মুখ।"

"NYCHA-র বাসিন্দারা প্রতিদিন কয়েক দশকের বিনিয়োগের অভাব ও কয়েক বিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল চাহিদার পরিণাম ভোগ করে। তাদেরকে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য জীবনযাত্রার মান প্রদান করার জন্য প্রয়োজন সৃজনশীলতা ও অংশীদারিত্ব, এবং এই চুক্তিটি উভয়ের প্রতিনিধি," **মেয়র অ্যাডামস বলেন।** "সরকারি আবাসন সংরক্ষণ ট্রাস্ট (Public Housing Preservation Trust), একত্রে স্থায়ী ক্রয়ক্ষমতার প্রতিশ্রুতি (Permanent Affordability Commitment Together, PACT) কর্মসূচি, এবং এধরনের কর্মসূচিসমূহের মাধ্যমে আমরা বাসিন্দাদেরকে তাদের বাসায় প্রয়োজনীয় মেরামত কাজ তাদের পছন্দের উপায়ে করার জন্য বিকল্পের একটি সত্যিকারের মেনু প্রদান করছি। অ্যালবানিতে আমার সকল অংশীদারদেরকে NYCHA-তে তাদের বিনিয়োগের জন্য আমি ধন্যবাদ জানাতে চাই, এবং 34,000 নিউ ইয়র্কবাসী যাতে বিপজ্জনক নষ্ট এলিভেটর ব্যবহার না করতে হয় সেই ব্যাপারে সাহায্য করতে আমি উন্মুখ।"

"NYCHA-তে অতি গুরুত্বপূর্ণ মেরামত কাজ সম্ভব করার জন্য সকলের প্রচেষ্টা প্রয়োজন, এবং আমরা এই 300 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিলের জন্য স্টেটের এই অংশীদারিত্ব পেয়ে অত্যন্ত কৃতজ্ঞ। শীঘ্রই, 34,000 নিউ ইয়র্কবাসী নির্ভরযোগ্য ও নিরাপদ এলিভেটর পেয়ে সেই স্বস্তি পাবে যা সকলের উপভোগ করতে পারা উচিত," **প্রধান আবাসন কর্মকর্তা জেসিকা ক্যাটজ বলেন।** "NYCHA বাসিন্দাদেরকে তাদের প্রাপ্য জীবনযাত্রার মান প্রদান করার জন্য আমরা স্টেটের এবং অন্য সকল সরকারি অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

"এই চুক্তির মাধ্যমে প্রদত্ত তহবিলগুলি আমাদেরকে আমাদের ভবন অবকাঠামোর একটি মুখ্য ভৌত উপাদানের সমাধান করতে দিবে: যা হলো এলিভেটর সেবা যা আমাদের বাসিন্দাদের প্রয়োজন এবং যার উপর তারা নির্ভর করে," **নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা বোভা-হিয়াট বলেন।** "এই তহবিল চুক্তি কার্যকর করার জন্য এবং কর্তৃপক্ষের জীবনকালের একটি অতি গুরুত্বপূর্ণ সময়ে এইসব অত্যাবশ্যকীয় ক্যাপিটাল অর্থায়ন বরাদ্দ করার ব্যাপারে গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট সিনেট ও অ্যাসেম্বলির নেতৃবৃন্দ, এবং DASNY-র সমর্থন ও অ্যাডভোকেসি পেয়ে আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

"কর্তৃপক্ষের অবকাঠামোর এই মৌলিক ও অত্যাবশ্যকীয় উন্নয়নকাজের সমর্থনে একটি ভূমিকা পালন করতে পেরে DASNY গর্বিত," **নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রুবেন ম্যাকড্যানিয়েল দ্য থার্ড বলেন।** "গভর্নর হোকলের নেতৃত্বের জন্য এবং এইসব চাহিদা পূরণে আইনসভার সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ। NYCHA বাসিন্দাদের লাভের জন্য এই পোর্টফোলিওকে দ্রুত অগ্রসর করার জন্য আমরা উন্মুখ।"

প্রায় 16,000 অ্যাপার্টমেন্টে বসবাসরত প্রায় 34,000 বাসিন্দা 20টি ডেভেলপমেন্টের উন্নত এলিভেটর সেবা দ্বারা উপকৃত হবে, যার মধ্যে ছয়টি বয়স্কদের জন্য নির্ধারিত ক্যাম্পাস রয়েছে। বয়স্ক ও চলাচল প্রতিবন্ধীদের জন্য অবিচল এলিভেটর সেবা বিশেষ করে গুরুত্বপূর্ণ; NYCHA-এ 62 বছরের বেশি বয়সী 78,000-র বেশি বাসিন্দা রয়েছে, এবং NYCHA গৃহস্থালিসমূহের প্রায় 40 শতাংশের বেশি গৃহস্থালির প্রধান একজন 62 বছরের বেশি বয়সী বাসিন্দা। এছাড়াও NYCHA এলিভেটরগুলি 31,000-র বেশি চলাচলে প্রতিবন্ধী বাসিন্দাদের সেবাদান করে।

NYCHA-র এলিভেটর মজুদ পুরনো, এই পোর্টফোলিওর সবথেকে বেশি সময় চলা ট্র্যাকশন এলিভেটর স্থাপন করা হয়েছিলো 32 বছর আগে, 1990 সালে। স্টেটের ক্যাপিটাল পুনরুজ্জীবন পরিকল্পনায় (State Capital Revitalization Plan) সনাক্ত করা সকল এলিভেটরই একটি বহু পরিবারের আবাসিক সম্পত্তির জন্য 15 থেকে 20 বছর ব্যবহারের সাধারণ কার্যকর জীবনকালে রয়েছে বা তা অতিক্রম করেছে।

নিউ ইয়র্ক স্টেটের আইনসভা 2020 এবং 2021 সালের স্টেট বাজেটে কর্তৃপক্ষের পোর্টফোলিওর সবথেকে পুরনো এলিভেটরগুলির হালনাগাদকরণের জন্য NYCHA-কে 300 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়েছে। NYCHA প্রথম 2021 সালের সেপ্টেম্বর মাসে স্টেটের ক্যাপিটাল পুনরুজ্জীবন পরিকল্পনা উপস্থাপন করে, যেখানে এর লক্ষ্য অর্জনে এর পন্থার রূপরেখা প্রদান করা হয়েছে এবং এটি সবথেকে সাম্প্রতিক তহবিল চুক্তিতে DASNY কর্তৃক অনুমোদিত হয়েছে।

এই তহবিলের কারণে এলিভেটর প্রতিস্থাপনের পরিকল্পনা প্রক্রিয়া এপ্রিল মাসের শুরুর দিকে শুরু করা গেছে। 20টি ভিন্ন সাইটে এলিভেটর প্রতিস্থাপন কাজের সময়কাল 49 মাস (ক্যাসিডি-লাফায়েট হাউজেস) থেকে 81 মাস (মার্সি হাউজ) হবে বলে অনুমান করা যাচ্ছে, এটি নির্ভর করবে কয়টি এলিভেটর প্রতিস্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট ডেভেলপমেন্টের বয়সের উপর। সকল এলিভেটর নির্মাণকাজ 2028 সালের ডিসেম্বরের শুরুর মধ্যে শেষ হওয়ার কথা রয়েছে।

যেসব ডেভেলপমেন্টে এলিভেটর উন্নয়নকাজ হবে তার একটি পূর্ণ তালিকা উপলভ্য আছে এখানে।

নিউ ইয়র্ক সরকারি আবাসনের বাসিন্দাদের জন্য নিরাপদ, স্থিতিশীল বাসা প্রদান করতে গভর্নর হোকলের নিবেদনের উপর ভিত্তি করে এই প্রচেষ্টাটি সম্ভব হয়েছে। 2016 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেট NYCHA-কে 1.2 বিলিয়ন মার্কিন ডলার দিয়েছে, যার মধ্যে 350 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে 2023 অর্থবছরের জন্য। এইসব অতিগুরুত্বপূর্ণ বিনিয়োগ হিটিং, নিরাপত্তা, এলিভেটর, এবং অন্যান্য উন্নয়নকাজ ও সেই সাথে জীবনযাত্রার মান উন্নয়নকাজে ব্যবহার করা হয়েছে।

জুন মাসে, গভর্নর হোকল আইন স্বাক্ষর করেন যা নিউ ইয়র্ক সিটি পাবলিক হাউজিং প্রিজারভেশন ট্রাস্ট (New York City Public Housing Preservation Trust) তৈরি করে, যা একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন, NYCHA নিয়ন্ত্রণে 25,000 অ্যাপার্টমেন্টের মেরামত, পুনর্বাসন এবং আধুনিকীকরণের জন্য তহবিল প্রদশনে সাহায্য করার জন্য। ট্রাস্ট এমনও গ্যারান্টি দেয় যে অধিকার সংরক্ষণের মাধ্যমে বাড়িগুলিকে সাশ্রয়ী মূল্যে রাখা হয় যা নিশ্চিত করে যে বাসিন্দারা তাদের আয়ের 30 শতাংশ ভাড়ার জন্য প্রদান করে, বাসিন্দারা সমস্ত বর্তমান উত্তরাধিকার অধিকার বজায় রাখে, অ্যাপার্টমেন্টগুলি নিম্ন আয়ের বাসিন্দাদের জন্য সংরক্ষিত থাকা অব্যাহত থাকবে এবং সেই অ্যাপার্টমেন্টের শূন্যপদগুলি NYCHA-র অপেক্ষমাণ তালিকা ব্যবহার করে পূরণ করা হবে।

প্রতিনিধি নিকোল ম্যালিওটাকিস বলেন, "ভাড়াটিয়াদের জীবনযাত্রার মান উন্নত করতে কংগ্রেসে আমি NYCHA এবং HUD নেতৃবৃন্দের সাথে কাজ করেছি, এবং এলিভেটর সেবার অতি

গুরুত্বপূর্ণ মেরামতের এই ব্যাপারে মেয়র ও গভর্নরও যে মনোযোগী হয়েছেন তা দেখতে পেরে আমি আনন্দিত। সকল বাসিন্দা যাতে নিরাপদ, মর্যাদাপূর্ণ আবাসনে বাস করতে পারে তা নিশ্চিত করার জন্য আমাদেরকে সরকারের সকল পর্যায়ে কাজ করা অব্যাহত রাখতেই হবে, এবং NYCHA-কে দায়বদ্ধ করার জন্য এবং ভাড়াটিয়াদের ভবিষ্যতের ব্যাপারে অ্যাডভোকেট করার জন্য আমি আমার সিটি ও স্টেট অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ।"

প্রতিনিধি রিচি টোরেস বলেন, "যেহেতু আমি সরকারি আবাসনে বড় হয়েছি এবং আমার মায়ের মতোই আমার পরিবার এখনো সেখানে বাস করে, সেই হিসেবে আমি বুঝি যে দৈনন্দিন জীবন অব্যাহত রাখার জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সক্রিয় এলিভেটর কতটা গুরুত্বপূর্ণ। এটি আমার মতো হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য একটি উল্লেখযোগ্য উন্নয়নকাজ হবে, যাদের মধ্যে বয়স্ক ও চলাচল প্রতিবন্ধীদের মতো সর্বাপেক্ষা দুস্থ ব্যক্তি রয়েছে।"

প্রতিনিধি ড্যান গোল্ডম্যান বলেন, "NYCHA ভাড়াটিয়ারা যাতে তাদের প্রাপ্য মর্যাদা ও সম্মান নিয়ে বেঁচে থাকতে পারে তা নিশ্চিত করা আমাদের দায়িত্ব। আমাদের শহরের সরকারি আবাসনের অনেক বেশি বাসিন্দা যেই অগ্রহণযোগ্য পরিস্থিতি সহ্য করতে বাধ্য হয়েছে তার জন্য অতি প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য আমি গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রশংসা করছি। আমাদের সরকারি আবাসনের বাসিন্দাদের জন্য কাজ করা হলো ফেডারেল পর্যায়ে আমার সর্বোচ্চ অগ্রাধিকার, এবং প্রায়শই অবহেলিত ও অগ্রাহ্য হওয়া NYCHA ভাড়াটিয়াদের জন্য ফল প্রদান করতে আমি সিটি ও স্টেটের সাথে নিবিড়ভাবে কাজ করা অব্যাহত রাখতে উন্মুখ। "

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "নিউ ইয়র্কবাসীরা যাতে মানসম্পন্ন, সাশ্রয়ী ও অ্যাক্সেসিবল আবাসন খুঁজে পেতে পারে তা নিশ্চিত করতে সংখ্যাগরিষ্ঠ অ্যাসেম্বলিতে আমরা কাজ করেছি। এই 20টি ডেভেলপমেন্টে এলিভেটর প্রতিস্থাপন করা হলে তা NYCHA বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করবে। NYCHA হলো হাজার হাজার নিউ ইয়র্কবাসীর বাসা, যাদের মধ্যে অনেকেই বয়িষ্ণু এবং তারা প্রতিদিনের জীবনযাত্রার জন্য এলিভেটরের উপর নির্ভর করে। প্রয়োজনীয় এই বিনিয়োগগুলি আমাদের মহান শহরজুড়ে NYCHA ডেভেলপমেন্টসমূহকে আধুনিকায়িত করবে।"

স্টেটের সিনেটর, সিনেট আবাসন কমিটির প্রধান ব্রায়ান কাভানাহ বলেন, "আমাদের প্রদত্ত স্টেট ক্যাপিটাল তহবিল ব্যবহার করে 335টি সেকেলে ও অনির্ভরযোগ্য এলিভেটর প্রতিস্থাপন করতে এইসব অত্যাবশ্যকীয় ক্যাপিটাল বিনিয়োগ করার ক্ষেত্রে অগ্রসর হওয়ার জন্য আমি নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ এবং স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাচ্ছি। এইসব ভবনে নির্ভরযোগ্য, কার্যকর এলিভেটর থাকার গুরুত্ব আমি বলে শেষ করতে পারবো না, বিশেষ করে যেখানকার অনেক বাসিন্দা বয়স্ক বা যাদের চলাচলে অক্ষমতা রয়েছে। এই তহবিলগুলি হলো সাম্প্রতিক বছরগুলিতে আমরা NYCHA-র জন্য যেই 1.1 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়েছি তার অংশ। আমি আরো বড় অঙ্কের পক্ষে কথা বলেছি এবং আগামী স্টেট বাজেট প্রক্রিয়ায় তা অব্যাহত রাখবো, কিন্তু এই বরাদ্দ যে ভালো কাজে এমন উন্নয়নের জন্য ব্যবহার করা হচ্ছে যার ফলে প্রায় 34,000 NYCHA বাসিন্দার জন্য নিরাপদতর ও আরো আকাঙ্ক্ষণীয় বসবাসের অবস্থা তৈরি হবে তা দেখে খুশি।"

স্টেটের সিনেটর রক্সান পারসাউড বলেন, "পুরো নিউ ইয়র্ক সিটিতে NYCHA সম্পত্তিগুলির অতি গুরুত্বপূর্ণ এলিভেটর হালনাগাদকরণ সমর্থন করবে এমন 300 মিলিয়ন মার্কিন ডলার স্টেট ক্যাপিটাল তহবিল প্রদান করার জন্য জোর লড়াই করতে পেরে আমি গর্বিত। প্রতিস্থাপিত হতে যাওয়া 335টি এলিভেটরের মধ্যে, 72টি বর্তমান সিনেট জেলা 19-র তিনটি সম্পত্তিতে; 32টি এলিভেটর নস্ট্র্যান্ড হাউজেসে, 36টি শিপশেড বে-তে এবং চারটি উডসন হাউজেসে রয়েছে। এই গুরুত্বপূর্ণ প্রকল্পের ব্যাপারে একটি চুক্তিতে পৌঁছানোর জন্য আমি NYCHA ও DASNY-র প্রশংসা করছি এবং এই উন্নয়নকাজ হবে বলে আমি আনন্দিত।"

স্টেটের সিনেটর জন লিউ বলেন, "NYCHA-র লেভিট স্ট্রিট সম্প্রদায় যে অবশেষে এর বিপর্যস্ত এলিভেটরের জন্য ব্যবস্থা গৃহীত হতে দেখবে তা একটি স্বাগত সংবাদ। নিউ ইয়র্ক সিটি আবাসনের জন্য কার্যকর এলিভেটর একটি প্রয়োজন, বিশেষ করে আমাদের বয়স্ক নাগরিক ও অক্ষমতাসহ মানুষের জন্য। যদিও তা অনেক বিলম্বে হচ্ছে, তবুও এই মেরামত কাজগুলি বহু বছরের দুস্থ বসবাসের অবস্থা সঠিক করার দিকে একটি যথাযথ প্রথম ধাপ।"

স্টেটের সিনেটর জামাল বেইলি বলেন, "অনেক দশক ধরে, NYCHA বাসিন্দারা অনির্ভরযোগ্য এলিভেটর সেবা, হিট এবং পানির সমস্যা, বিলম্বিত মেরামত ও জর্জরিত অবকাঠামোর সমস্যায় ভুগছে। স্টেট ও স্থানীয় তহবিল যুক্ত হওয়া বাসিন্দাদের জন্য , বিশেষ করে বয়স্ক, অক্ষমতাসহ ব্যক্তি, এবং সীমিত চলাচলে সক্ষম বাসিন্দাদের জন্য অর্থপূর্ণ ত্রাণ প্রদানের জন্য সঠিক দিকে একটি অগ্রগামী ধাপ। অতি গুরুত্বপূর্ণ এইসব অবকাঠামো উন্নয়ন এবং মেরামত আমাদের NYCHA সম্প্রদায়সমূহের তাৎক্ষণিক স্বাস্থ্য ও নিরাপত্তা চাহিদা মেটাবে এবং বাসিন্দাদের যাতে অবশেষে তাদের প্রাপ্য একটি নিরাপদ, অ্যাক্সেসিবল, এবং মর্যাদাপূর্ণ বসবাসের অবস্থা থাকে তা নিশ্চিত করবে। পুরো নিউ ইয়র্ক সিটির NYCHA ভাড়াটিয়া নেতৃবৃন্দকে, বিশেষ করে গান হিল ভাড়াটিয়া অ্যাসোসিয়েশনের (Gun Hill Tenant Association) প্রেসিডেন্ট রবার্ট হলকে, তাদের কাজ ও অব্যাহত অ্যাডভোকেসির জন্য আমি ধন্যবাদ জানাতে চাই। পুরো শহরের সরকারি আবাসনে বিনিয়োগ ও এদের পুনর্জীবিত করতে স্টেট বাজেটে এই তহবিলকে অগ্রাধিকার প্রদান করার জন্য গভর্নর ক্যাথি হোকল, মেয়র এরিক অ্যাডামস, NYCHA প্রধান গ্রেগ রাস, NYCHA-র অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা লিসা বোবা-হিয়াট, এবং আইনসভায় আমার সহকর্মীদেরকে ধন্যবাদ।"

স্টেটের সিনেটর জেলনোর মাইরি বলেন, "বয়স্ক, চলাচল চাহিদাসহ বাসিন্দা, স্ট্রলারসহ পরিবার, এবং দীর্ঘ কর্ম দিবসের পর বাড়ি ফেরা মানুষের জন্য এলিভেটর একটি অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো। এগুলি আমাদের উলম্ব শহরের জন্য লাইফলাইন, কিন্তু অনেক বেশি সময়ে NYCHA বাসিন্দাদেরকে ঘনঘন, দীর্ঘ সময়ের জন্য এলিভেটর বিভ্রাটের সম্মুখীন হতে হয়। এবং অনেক সময় এগুলি ঠিক করার সাথে সাথে আবার নষ্ট হয়ে যায়। আমি স্টেটের বাজেটে এই হালনাগাদকরণের জন্য তহবিল প্রদান করতে পেরে গর্বিত এবং আমি এই অর্থপূর্ণ বিনিয়োগের জন্য NYCHA ও DASNY-র প্রতি কৃতজ্ঞ। এই হালনাগাদকরণের ফলে আমার নাগরিকেরা যাতে আরো ভালো জীবনযাত্রার মান পায় তা নিশ্চিত করতে আমি উন্মুখ।"

স্টেটের সিনেটর জুলিয়া সালাজার বলেন, "মার্সি হাউজেসের আমাদের প্রতিবেশীদের উচ্চমানের, নিরাপদ বসবাসের অবস্থা এবং সম্পূর্ণ অ্যাক্সেসিবিলিটি প্রাপ্য। এই বলিষ্ঠ বিনিয়োগটি মার্সিতে নতুন এলিভেটর আনছে, যা ডেভেলপমেন্টের বাসিন্দাদের, বিশেষ করে বয়স্ক ও যেই বাসিন্দাদের নিজেদের ভবনে সম্পূর্ণ কার্যকর ও নির্ভরযোগ্য এলিভেটর প্রয়োজন তাদের জন্য একটি প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "আমি খুশি যে স্টেট বাজেটে NYCHA-র জন্য যেই অর্থ বরাদ্দ করতে আমরা জোর লড়াই করেছি তা অবশেষে ট্যাফ্ট হাউজেসের এলিভেটর হালনাগাদকরণের মতো যোগ্য প্রকল্পে দেওয়া হচ্ছে। পুরো 30তম সিনেটোরিয়াল জেলায় বাসিন্দাদের প্রয়োজনীয় ও প্রাপ্য অতি প্রয়োজনীয় উদ্যোগে বিনিয়োগ করার মাধ্যমে এর প্রতিটি সেন্টার সর্বোচ্চ ব্যবহার করার জন্য আমি কর্তৃপক্ষকে তাগিদ দিচ্ছি। সর্বশেষে, আমি আশা করছি যে এই উদাহরণটি আসন্ন 2023-24 অর্থবছরের বাজেটে NYCHA-র জন্য স্টেটের সমর্থন পুনরাবৃত্তি করতে অনুপ্রাণিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য এবং স্টেটের অ্যাসেম্বলি ওয়েজ এবং মিনজ কমিটির (State Assembly Ways and Means Committee) প্রধান হেলেন ওয়াইনস্টিন বলেন, "আমি যেই স্টেট তহবিল নিশ্চিত করতে সাহায্য করেছি তার মাধ্যমে সম্ভব হওয়া এই এলিভেটর হালনাগাদকরণ সঠিক দিকে একটি স্বাগত ধাপ। দীর্ঘদিন ধরে, NYCHA-র শিপশেড এবং নস্ট্র্যান্ড অ্যাপার্টমেন্টগুলিতে বসবাসরত বয়স্ক ও চলাচল প্রতিবন্ধী নাগরিকগণ একটি সেকেলে এলিভেটর ব্যবস্থার বিভ্রাট বারবার হওয়ার ফলে এক অর্থে জিম্মি হয়েছিলো। কয়েক বছর আগে আমি যেই সিকিউরিটি ক্যামেরা নিশ্চিত করতে সক্ষম হয়েছিলাম তার সাথে মিলে আমরা NYCHA-কে পরিবার ও প্রতিবন্ধীদের জন্য একটি নিরাপদ ও অ্যাক্সেসিবল বাসায় পরিণত করতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য অ্যালিসিয়া হাইন্ডম্যান বলেন, "DASNY চুক্তিটি এলিভেটর হালনাগাদকরণের জন্য অত্যাবশ্যকীয় সহায়তা প্রদান করবে, যেই সংস্কার বহু ডেভেলপমেন্টের দীর্ঘদিনের চাহিদা। আমি কনলন লিহফের এলিভেটরে উঠেছি এবং এটি অন্ধকার ও ধীরে চলে। তাই, আমি আমার বয়স্কদের জন্য এই হালনাগাদকরণ দেখতে উন্মুখ, যা বহু আগেই হওয়া উচিত ছিলো।"

অ্যাসেম্বলি সদস্য জো অ্যান সিমোন বলেন, "আমি খুশি যে স্টেটের আইনসভায় আমাদের দ্বারা প্রদত্ত তহবিল ব্যবহার করে কয়েকশত NYCHA এলিভেটর প্রতিস্থাপিত হবে। আমি বিশেষ করে খুশি কারণ গোয়ানুস হাউজেসের এলিভেটরগুলির অতি মাত্রায় প্রয়োজনীয় প্রতিস্থাপন স্থাপন করা হবে। এই হালনাগাদকরণ এলিভেটর সেবায় নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা নিয়ে আসবে এবং এটি যত সম্ভব দ্রুত হওয়া উচিত। অতি গুরুত্বপূর্ণ এই উদ্যোগে একত্রে কাজ করার জন্য আমি ভাড়াটিয়া অ্যাসোসিয়েশনে আমার সহকর্মীদের, গভর্নর হোকল, DASNY এবং NYCHA-র প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেন, "আমি ব্রুকলিনের ব্রাউন্সভিলের একটি NYCHA সম্পত্তিতে বড় হয়েছি, এটি এমন একটা পাড়া যেখানে স্টেটের সবথেকে বেশি সরকারি

আবাসনের ঘনত্ব রয়েছে। তাই সেকেলে এলিভেটর প্রতিস্থাপন করার জন্য এই তহবিল NYCHA বাসিন্দাদের জন্য কতটা প্রয়োজনীয় তা আমি বুঝি। এটি বয়স্ক এবং চলাচলে প্রতিবন্ধী ব্যক্তি যারা সিঁড়ি ব্যবহার করতে পারে না তাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। NYCHA এবং নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের মধ্যকার 300 মিলিয়ন মার্কিন ডলার তহবিল চুক্তিটি এই 20টি ডেভেলপমেন্টে, যেখানে এর প্রয়োজন সর্বাধিক ছিলো, সেখানকার বাসিন্দাদের জন্য একটি স্বাগত বিনিয়োগ।"

অ্যাসেম্বলি সদস্য হার্ভি এপস্টিন বলেন, "স্টেটের ক্যাপিটাল তহবিল ব্যবহার করে স্ট্রাউস হাউজেসের চারটি এলিভেটর প্রতিস্থাপিত হবে তা জানতে পেরে আমি খুশি। প্রায় প্রতিদিন আমাকে এবং আমার দলকে এলিভেটর বিভ্রাট ও সমস্যা যা অনেককে, বিশেষ করে বয়স্কদেরকে নিজেদের লবিতে এলিভেটর মেরামত হওয়ার অপেক্ষা করতে বাধ্য করে সেই ব্যাপারে নাগরিকদের কথা শুনতে হয়। এলিভেটর হালনাগাদকরণ যথাযথ মেরামত করার জন্য NYCHA-র অর্থ প্রয়োজন, এবং আমি খুশি যে এই ডেভেলপমেন্টটি তা পাবে।"

অ্যাসেম্বলি সদস্য চার্লস ফল বলেন, "আমাদের NYCHA আবাসন ইউনিটগুলির যেই হালনাগাদ কাজের জন্য আমরা স্টেটের তহবিল নিশ্চিত করেছি সেই কাজ বাস্তবায়িত হতে যাচ্ছে দেখে আমি খুশি। এই হালনাগাদ কাজগুলি, বিশেষ করে এলিভেটরে, NYCHA-র বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য অত্যাবশ্যকীয় উপাদান, বিশেষ করে আমাদের বয়স্ক ও প্রতিবন্ধী ভাড়াটিয়াদের জন্য। স্ট্যাটেল আইল্যান্ডের নর্থ শোরে আমাদের NYCHA বাসিন্দাদের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত উন্নয়ন কাজে আমার স্টেটের সহকর্মীগণ, NYCHA এবং DASNY-র সাথে কাজ করা অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য স্টেফানি জিনারম্যান বলেন, "নিউ ইয়র্ক স্টেটের আইনসভা সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ ও সাশ্রয়ী আবাসন প্রদানে নিবেদিত। মার্সি হাউজেসে এলিভেটর হালনাগাদ করার জন্য আমাদের 300 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি বাসিন্দাদের, বিশেষ করে আমাদের বয়স্ক, ছোট শিশু ও প্রতিবন্ধীসহ পরিবারের জীবনের জন্য অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি সিটি, স্টেট, ও ফেডারেল বিধায়কদের সাথে NYCHA-র অবকাঠামো চাহিদার সমর্থনে কাজ করে যাবে।"

অ্যাসেম্বলি সদস্য এডওয়ার্ড গিবস বলেন, "দেশের সর্বোচ্চ ঘনত্বের সরকারি আবাসন ডেভেলপমেন্টসহ এলাকার প্রতিনিধিত্বকারী অ্যাসেম্বলি সদস্য হিসেবে, আমি অতি আনন্দিত যে স্টেটের আইনসভায় আমরা NYCHA উন্নয়নে আমাদের প্রতিশ্রুতি প্রদর্শন করছি। আমাদের NYCHA ডেভেলপমেন্টসমূহে জীবনযাত্রার মান নিশ্চিত করতে এলিভেটর অতি গুরুত্বপূর্ণ, বিশেষ করে যারা চলাচল প্রতিবন্ধী তাদের জন্য। এই তহবিল নিশ্চিত করার কাজে অংশীদারিত্বের জন্য আমি গভর্নর হোকল, NYCHA, এবং আমার সহকর্মীদের ধন্যবাদ জানাচ্ছি।"

সাবেক স্টেট সিনেটর ডায়ান সাভিনো বলেন, "আমরা এই ডেভেলপমেন্টের ব্যাপারে এবং আমাদের জেলায় NYCHA কমপ্লেক্সগুলির জন্য বহুদিনের বিলম্বিত ও অতি প্রয়োজনীয় ক্যাপিটাল তহবিল প্রদান করতে স্টেট ও DASNY-র এই প্রতিশ্রুতি নিয়ে অত্যন্ত আনন্দিত।

এলিভেটর মেরামত ও প্রতিস্থাপন করা সরকারি আবাসনে বসবাসরত বহু মানুষের জীবনযাত্রার মান উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ।"

সাবেক অ্যাসেম্বলি সদস্য ও নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি আবাসন কমিটির প্রধান স্টিভেন সিমব্রোউইজ বলেন, "এই এলিভেটরগুলির হালনাগাদকরণ অত্যন্ত জরুরিভাবে প্রয়োজন এবং এটি NYCHA আবাসন মজুদে অর্থপূর্ণ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে যা আগামী বহু বছরের জন্য বাসিন্দাদেরকে লাভবান করবে। আমি এই প্রকল্পগুলির জন্য এই অতি গুরুত্বপূর্ণ তহবিল উপলভ্য করতে আমার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে আনন্দিত, এবং NYCHA-কে নিজের বাসা বলে এমন 400,000-র বেশি সরকারি আবাসনের বাসিন্দাদের সুস্থতা বৃদ্ধি করার জন্য NYCHA-র নেতৃবৃন্দের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

সিটিওয়াইড প্রেসিডেন্ট কাউন্সিলের (Citywide Council of Presidents) প্রধান ড্যানি বারবার বলেন, "আমি এটি শুনে খুশি যে পুরো সিটিতে NYCHA ডেভেলপমেন্টগুলিতে অতি প্রয়োজনীয় এলিভেটর প্রতিস্থাপনের কাজ হতে যাচ্ছে। আমি আত্মবিশ্বাসী যে উন্নয়নের এই কাজ গুলি শেষ হলে তা সরকারি আবাসনের বাসিন্দাদের জন্য বড় স্বস্তি নিয়ে আসবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418